

জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

বিষয় কোড :

1	5	4
---	---	---

সৃজনশীল প্রশ্ন

সময়-১ ঘণ্টা ৩০ মিনিট

মান-২৫

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

ক বিভাগ : সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

- আইসিটি প্রয়োগের ফলে ব্যবসায়ের কী কী সুবিধা অর্জিত হয়?
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার এক নতুন দিগন্তের সূচনা করেছে— উক্তিটি ব্যাখ্যা কর।
- টপোলজি কী? চিত্রসহ বাস টপোলজি বর্ণনা কর।
- স্যাটেলাইট বলতে কী বোঝ? অপটিক্যাল ফাইবার এবং স্যাটেলাইটের মাঝে তিনটি পার্থক্য লিখ।
- দূরীতি নিরসনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ভূমিকা ব্যাখ্যা কর।
- মাইক্রোসফট এক্সেল ২০০৭ উইন্ডো এর পরিচিতি বর্ণনা কর।
- দৈনন্দিন জীবনে ইন্টারনেটের ব্যবহার সম্পর্কে লিখ।
- ই-মেইল ঠিকানা খোলার পদ্ধতি ধারাবাহিকভাবে লেখ।

খ বিভাগ : বহুনির্বাচনি অধীক্ষা

সময়-২৫ মিনিট

বহুনির্বাচনি অধীক্ষা

মান-২৫

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অধীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও।

প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।

- যখন একজন বা একটি প্রতিষ্ঠান একমুখী যোগাযোগ পদ্ধতি ব্যবহার করে তখন তাকে কী বলে?
ক) টেলিকাস্ট খ) ব্রডকাস্ট
গ) ওয়েবকাস্ট ঘ) নেটকাস্ট
- কিসের মাধ্যমে পণ্য বিক্রয়ের সকল তথ্য সংরক্ষণ করা যায়?
ক) EPOS খ) ECOM
গ) EBUS ঘ) ETEC
- নানা যন্ত্র ব্যবহার করে পরীক্ষা-নিরীক্ষা করা, নতুন কিছু তৈরি করা ইত্যাদি কোন গবেষণার অন্তর্ভুক্ত?
ক) ব্যবহারিক খ) তাত্ত্বিক
গ) মৌলিক ঘ) যৌগিক
- এটিএম কার্ডের ব্যবহারের ক্ষেত্র কোনটি?
ক) প্রচার ও গণমাধ্যম খ) বিনোদন
গ) ব্যাংকিং ঘ) প্রকাশনা
- দিন-রাত ২৪ ঘণ্টার যেকোনো সময় গ্রাহকের নির্দিষ্ট প্রশ্নের উত্তর জানা যায় কোনটি ব্যবহার করে?
ক) স্বয়ংক্রিয় ইন্টারেকটিভ ভয়েস প্রযুক্তি
খ) স্বয়ংক্রিয় মোবাইল প্রযুক্তি
গ) টেলিফোন এগ্রাচেঞ্জ প্রযুক্তি
ঘ) ভার্চুয়াল প্রযুক্তি
- যখন দুই বা তার অধিক কম্পিউটার যোগাযোগের কোনো মাধ্যম দিয়ে অপরের সাথে তথ্য দেওয়া-নেওয়া করে তখন তাকে কী বলে?
ক) টপোলজি খ) ইন্টারনেট
গ) কম্পিউটার নেটওয়ার্ক ঘ) সার্ভার
- নেটওয়ার্কে কম্পিউটারসমূহ একটি আরেকটির সাথে সংযুক্ত থাকার পদ্ধতিকে কী বলে?
ক) ইন্টারকানেক্টেড খ) নেটওয়ার্ক
গ) টপোলজি ঘ) ক্লায়েন্ট সার্ভার
- প্যান কার্ড কিসের ভূমিকা পালন করে?
ক) সুইচের খ) ব্রিজের
গ) রাউটারের ঘ) ইন্টারপ্রেন্টারের

৯. ক্লায়েন্টের বৈশিষ্ট্য হলো—
 i. এটি একটি ইংরেজি শব্দ
 ii. এটি অন্যকে সেবা প্রদান করে
 iii. এটি অন্যের কাছ থেকে সেবা গ্রহণ করে
 নিচের কোনটি সঠিক?
 ক) i ও ii খ) ii ও iii
 গ) i ও iii ঘ) i, ii ও iii
১০. স্টার টপোলজি গঠন করার জন্য প্রয়োজন—
 i. একটি কেন্দ্রীয় হাব বা সুইচ
 ii. একটি রাউটার
 iii. প্রতি কম্পিউটার হাবের বা সুইচের সাথে সংযোগ করতে হবে
 নিচের কোনটি সঠিক?
 ক) i ও ii খ) ii ও iii
 গ) i ও iii ঘ) i, ii ও iii
১১. এথিক্যাল হ্যাকার কাদেরকে বলা হয়?
 ক) ব্ল্যাক হ্যাট হ্যাকার খ) হোয়াইট হ্যাট হ্যাকার
 গ) ব্লু হ্যাট হ্যাকার ঘ) ব্রেড হ্যাট হ্যাকার
১২. কোন অপারেটিং সিস্টেমে ম্যালওয়্যারের সংখ্যা সবচেয়ে বেশি?
 ক) উইন্ডোজ অপারেটিং সিস্টেম
 খ) লিনাক্স অপারেটিং সিস্টেম
 গ) উবান্টু অপারেটিং সিস্টেম
 ঘ) ম্যাক অপারেটিং সিস্টেম
১৩. মানুষ এবং যন্ত্রকে আলাদা করার পদ্ধতিটির নাম কী?
 ক) Captcha খ) Finder
 গ) Password ঘ) Identifier
১৪. মেমোরিতে স্থায়ী বসবাস গড়ে কোন ভাইরাস?
 ক) অ্যাকটিভ ভাইরাস খ) অনিবাসী ভাইরাস
 গ) পরবাসী ভাইরাস ঘ) নিবাসী ভাইরাস
১৫. অ্যান্টিভাইরাস প্রোগ্রাম নয় কোনটি?
 ক) অ্যাভাস্ট খ) ট্রোজান হর্স
 গ) ক্যাসপারস্কি ঘ) ম্যাকাফি
১৬. নিচের কোন ক্ষেত্রে ওয়ার্কবুক ব্যবহার করা যায় না?
 ক) বিদ্যালয়ের ফলাফল প্রস্তুতিতে
 খ) ব্যবসার হিসাব-নিকাশ করতে
 গ) ডাক্তারি পরীক্ষা করতে
 ঘ) ক্রিকেট খেলার রান হিসাব করতে
১৭. ডিসিক্যালক স্প্রেডশিট সফটওয়্যারের নির্মাতা প্রতিষ্ঠানের নাম কী?
 ক) মাইক্রোসফট খ) অ্যাপল
 গ) গুগল ঘ) ফেয়ার চাইল্ড
১৮. স্প্রেডশিট প্রোগ্রামে বাম দিক থেকে ডান দিকে চলে আসা ঘরগুলোকে কী বলে?
 ক) কলাম খ) সারি
 গ) রেঞ্জ ঘ) লাইন
১৯. এক্সেলে যোগ করা যায় কয়ভাবে?
 ক) একভাবে খ) দুইভাবে
 গ) তিনভাবে ঘ) চারভাবে
২০. কিসের সাহায্যে সেলের অবস্থান বা সেল রেফারেন্স প্রদর্শন করা হয়?
 ক) মেনুবার খ) ফর্মুলা বার
 গ) টাইটেলবার ঘ) টার্নবার
২১. কোনটির মাধ্যমে শিক্ষার্থীরা উপস্থিত না থেকেও শিক্ষকদের লেকচার শুনতে পারবে?
 ক) রেডিওর মাধ্যমে
 খ) ভার্চুয়াল ক্লাসরুমের মাধ্যমে
 গ) মোবাইলের মাধ্যমে
 ঘ) টেলিফোনের মাধ্যমে
২২. বিভিন্ন গণনার কাজ করার ওয়েবসাইট কোনটি?
 ক) উলফ্রাম আলফা খ) ফ্রামওল আলফা
 গ) আলফাওল ফ্রাম ঘ) ক্যালফ্রাম আলফা
২৩. আজকাল জিপিএস প্রযুক্তির সাথে যে নামটি ওতপ্রোতভাবে জড়িত তা হলো—
 ক) কম্পিউটার খ) ল্যান্ডফোন
 গ) মোবাইল ফোন ঘ) স্টার্মফোন
২৪. ই-মেইলের জন্য ব্যবহৃত পাসওয়ার্ডের দৈর্ঘ্য কেমন হতে হয়?
 ক) ৮ থেকে ৩২ বর্ণ খ) ৬ থেকে ৩২ বর্ণ
 গ) ৮ থেকে ৬৪ বর্ণ ঘ) ১৬ থেকে ৩২ বর্ণ
২৫. ই-মেইলের মাধ্যমে কোনো ছবি কীভাবে পাঠাতে হয়?
 ক) অ্যাটাচমেন্ট করে খ) ওপেন বারে
 গ) টাইপ করে ঘ) লিংক করে

খ বিভাগ : বহুনির্বাচনি অঙ্কনা

১	খ	২	ক	৩	ক	৪	গ	৫	ক	৬	গ	৭	গ	৮	ঘ	৯	খ	১০	খ	১১	খ	১২	ক	১৩	ক
১৪	ঘ	১৫	খ	১৬	গ	১৭	খ	১৮	ক	১৯	খ	২০	খ	২১	খ	২২	ক	২৩	ঘ	২৪	খ	২৫	ক		